

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৯১

আগরতলা, ১৩ জুলাই, ২০২৪

চতুর্দশ দেবতার স্নানযাত্রা অনুষ্ঠিত

আগামীকাল থেকে শুরু হচ্ছে ত্রিপুরার ঐতিহ্যবাহী খাচি উৎসব। আজ বিকালে খাচির চতুর্দশ দেবতার স্নানযাত্রা অনুষ্ঠিত হয়। চতুর্দশ দেবতা মন্দিরের প্রধান পুরোহিত চন্দ্রাই এই স্নানযাত্রা অনুষ্ঠানের সূচনা করেন। হাওড়া নদীর স্নানঘাটে প্রতিবছরের মতো এবারও পূজার সমস্ত আচার অনুষ্ঠান মেনে আনুষ্ঠানিক ভাবে এই স্নানযাত্রা অনুষ্ঠিত হয়। এলাকাবাসী ও এলাকার বিশিষ্ট জনেরা এই স্নানযাত্রা উপভোগ করেন এবং স্নানযাত্রায় অংশ নেন।
